

স্মারক নং-৫২.০১.৮১৭২.০০০.৪৫.০০২.২০. ৯২২

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর মূল শুমারির গণনা কার্যক্রমে গণনাকারী ও সুপারভাইজার' পদের জন্য মৌজায় শূন্য পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র পবা উপজেলার বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০১/২০২১ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	গণনাকারী	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০১/২০২১ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- ১) উপজেলা পরিসংখ্যান অফিস, পবা, রাজশাহী এর ওয়েবসাইট (www.bbs.paba.rajshahi.gov..bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- ২) প্রার্থীকে সকল সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ৩) নাগরিকত্ব সনদপত্র জমা দিতে হবে।
- ৪) প্রার্থীকে ন্যাশনাল আইডি কার্ড (NID) এর সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ৫) আবেদন পত্রের সাথে এবং প্রবেশ পত্রের সাথে এক কপি করে পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হবে।
- ৬) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৭) শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ৮) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- ৯) সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখপূর্বক আগামী ২০/০৮/২০২১খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিস, পবা, রাজশাহীতে নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- ১০) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১১) চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান অফিস, পবা, রাজশাহী এর ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।
- ১২) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- ১৩) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- ১৪) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


২০/৮/২০২১
মোহাঃ গোলাম ফারুক
পরিসংখ্যান কর্মকর্তা
উপজেলা পরিসংখ্যান অফিস
পবা, রাজশাহী

ও
সদস্য সচিব
“জনশুমারি ও গৃহগণনা-২০২১” প্রকল্পের
শমাবিকর্মী নিয়োগ কমিটি


মোঃ শিমুল আকতার
উপজেলা নির্বাহী অফিসার
পবা, রাজশাহী
ও
সভাপতি
“জনশুমারি ও গৃহগণনা-২০২১”
প্রকল্পের শুমারিকর্মী নিয়োগ কমিটি

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পবা, রাজশাহী।
- ০২। উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিসংখ্যান অফিস, রাজশাহী।
- ০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা শিক্ষা অফিস, পবা, রাজশাহী।
- ০৪। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস, পবা, রাজশাহী।
- ০৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক অফিস, পবা, রাজশাহী।
- ০৬। উপজেলা, পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা, পরিবার পরিকল্পনা অফিস, পবা, রাজশাহী।
- ০৭। মেয়র, নওহাট/কাটাখালী পৌরসভা, পবা, রাজশাহী।
- ০৮। চেয়ারম্যান (সকল),পবা, রাজশাহী।
- ০৯। অফিস কপি।

মোহাঃ গোলাম ফারুক
পরিসংখ্যান কর্মকর্তা
উপজেলা পরিসংখ্যান অফিস
পবা, রাজশাহী
ও
সদস্য সচিব
“জনশুমারি ও গৃহগণনা-২০২১” প্রকল্পের
শুমারিকর্মী নিয়োগ কমিটি

মোঃ শিমুল আকতার
উপজেলা নির্বাহী অফিসার
পবা, রাজশাহী
ও
সভাপতি
“জনশুমারি ও গৃহগণনা-২০২১”
প্রকল্পের শুমারিকর্মী নিয়োগ কমিটি